



# Cosmo School

রাজিয়া সুলতানা

বসন্ত ক্যাম্পাস

শ্রেণি-তৃতীয়, বিষয়-বাংলা

অধ্যায়- কুঁজো বুড়ির গল্প

তারিখ: ১০.০৫.২০২০

লেকচার শীট-৩

## শব্দার্থ :

কুঁজো - যার পিঠ বাঁকা ও ফোলা ।

খিদে- ক্ষুধা ।

মুশকিল - অসুবিধা ।

এক্ষুনি - এখনি ।

তক্ষুনি - তখনি ।

নাস্তানাবুদ - নাজেহাল ।

মোটাতাজা- খাবার খেয়ে মোটা হওয়া ।

মহাচিন্তা- অনেক কিছু ভাবা ।

মরমর- খারাপ অবস্থা ।

## যুক্তবর্ণ :

ঙ = ঙ+গ- অঙ, বঙ ।

চ্ছ = চ+ছ- তুচ্ছ, গুচ্ছ ।

দ্ধ = দ+ধ- যুদ্ধ, আবদ্ধ ।

স্ত = স+ত - সস্তা, আস্ত ।

স্থ = স+থ - অস্থ, আস্থা ।

ক্ক = ক+ক - ছক্কা, মক্কা ।

ক্ষ = ক+ষ - শিক্ষা, পরিক্ষা ।

## শূন্যস্থান পূরণ :

লাউয়ের	মোটাতাজা	শিয়ালের	কুকুরদের	তিনটি	টিবির	বাঘের	নাস্তানাবুদ	কুকুরগুলো	বুড়ির
---------	----------	----------	----------	-------	-------	-------	-------------	-----------	--------

১. বুড়ির ছিল----- কুকুর ।

২. বুড়ির সঙ্গে প্রথম দেখা হল----- ।

- ৩.শিয়ালের পর দেখা হল হলো———— সঙ্গ।
- ৪.নাতনির বাড়ি খেয়ে বুড়ি অনেক———— হলেন।
- ৫.নাতনি বুড়িকে ——— খোলে ঢুকিয়ে বাড়ি পাঠালেন।
- ৬.কুকুরগুলো শিয়ালটাকে ——— করে ছাড়ল।
- ৭.কুঁজো বুড়ি———— বাড়ি পাহারা দিতে বললেন।
- ৮.বুড়ি ——— উপর দাঁড়িয়ে গান ধরলেন।
- ৯.গান শুনে ছুটে এলো————।
- ১০.বুড়ি ——— জোরে বেঁচে গেলেন।

**উত্তর:** ১.তিনটি ২.শিয়াল ৩.বাঘের ৪.মোটাতাজা ৫.লাউয়ের খোলে ৬.নাস্তানাবুদ ৭.কুকুরদের ৮.টিবির  
৯.কুকুরগুলো ১০.বুদ্ধির

### জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

১.বুড়ির কয়টি কুকুর ছিল?

উত্তরঃ- তিনটি কুকুর।

২.বুড়ির কুকুরদের নাম কী ?

উত্তরঃ- রঙ্গা, বঙ্গা আর ভুতু।

৩.বুড়ি কোথায় যাচ্ছিলেন ?

উত্তরঃ- নাতনির বাড়ি।

৪. কুঁজো বুড়ি কাদেরকে বাড়ি পাহারা দিতে বললেন ?

উত্তরঃ- কুকুর তিনটিকে।

৫. নাতনি বুড়িকে লাউয়ের খোলে ঢুকিয়ে সঙ্গ কী খাবার দিল ?

উত্তরঃ- চিঁড়ে আর গুড়।

৬.বুড়ি কোথায় যাবেন বলে ঠিক করলেন ?

উত্তরঃ- নাতনির বাড়ি।

৭.নাতনির বাড়ি যাওয়ার পথে বুড়ির সঙ্গ কাদের দেখা হল ?

উত্তরঃ- শিয়াল আর বাঘের সঙ্গ।

৮.বুড়ির সঙ্গ প্রথমে কার দেখা হল ?

উত্তরঃ-শিয়ালের সঙ্গে ।

৯.শিয়ালের পর কার সঙ্গে দেখা হল ?

উত্তরঃ- বাঘের সঙ্গে ।

১০.বাঘ ও শিয়াল কাকে খেতে চাইল ?

উত্তরঃ- কুঁজো বুড়িকে ।

১১. নাতনে বুড়িকে কীসের ভিতরে ঢুকিয়ে বাড়ি পাঠালেন ?

উত্তরঃ- লাউয়ের খোলে ঢুকিয়ে ।

১২.বুড়ি কোথায় দাঁড়িয়ে কুকুরদের ডাকলেন ?

উত্তরঃ- উঁচু টিবির উপর দাঁড়িয়ে ।

**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর :**

১.কুকুর তিনটিকে বুড়ি কী বলে গেলেন ?

উত্তর :- তোরা বাড়ি পাহারা দে আমি নাতনির বাড়ি থেকে ঘুরে আসি ।

২.বুড়ি শিয়ালকে কী বললেন ?

উত্তরঃ-আমি নাতনির বাড়িতে যাচ্ছি । আমার গায়ে তো মাংস নেই ।আগে খেয়ে মোটাতাজা হয়ে আসি তারপর আমাকে খেও ।

৩.বুড়ি বাঘকে কী বললেন ?

উত্তরঃ- আমি নাতনির বাড়িতে যাচ্ছি । আমার গায়ে তো মাংস নেই । আগে খেয়ে মোটাতাজা হয়ে আসি তারপর আমাকে খেও ।

৪.নাতনির বাড়িতে গিয়ে বুড়ি মোটা হলেন কীভাবে ?

উত্তরঃ- বুড়ি নাতনির বাড়িতে গিয়ে কদিন মজার মজার খাবার খেলেন ।তাতে বুড়ি অনেক মোটা হলেন ।

৫.নাতনি বুড়িকে কীরকম করে পাঠালো ?

উত্তরঃ- নাতনি একটা মস্ত লাউয়ের খোল জোগাড় করল । তার ভিতরে ঢুকিয়ে দিল বুড়িকে ।সঙ্গে দিল কিছু চিঁড়ে আর গুড় ।তারপর খোলটাকে দিল জোরে ধাক্কা ।

৬.বাড়ি ফেরার পথে কার কার সঙ্গে বুড়ির দেখা হল ?

উত্তরঃ-প্রথমে বাঘের সাথে তারপর শিয়ালের সাথে দেখা হল ।

৭.বুড়ি কীভাবে প্রাণীদের থেকে বাঁচলেন ?

উত্তরঃ-বুড়ি তার বুদ্ধি ও সাহসিকতার জোরে প্রাণীদের হাত থেকে বাঁচলেন ।

## সত্য/মিথ্যা

১. বুড়ির ছিল চারটি কুকুর।
২. বুড়ি লাউয়ের খোলে ঢুকে বাড়ি রওয়ানা হলো।
৩. বাঘ বুড়িকে খেতে চাইল।
৪. বুড়ি মাত্র একদিন নাতনির বাড়ি থাকল।
৫. বুড়ির সাথে প্রথমে বাঘের দেখা হল।
৬. নাতনি বুড়ির সঙ্গে দিল মুড়ি আর খই।
৭. বুড়ির জোরে বুড়ি বেঁচে গেল।
৮. বুড়ি একটি উঁচু পাহাড়ের উপর দাঁড়ালো।
৯. তিনটি কুকুর শিয়ালকে ঘিরে ফেলল।

উত্তরঃ- ১.মিথ্যা ২.সত্য ৩.সত্য ৪.মিথ্যা ৫.মিথ্যা ৬.মিথ্যা ৭.সত্য ৮.মিথ্যা ৯.সত্য

## সঠিক উত্তরঃ

ক.কুঁজো বুড়ি বাড়ি পাহারা দিতে কাদের বললেন ?

- |                  |                |
|------------------|----------------|
| ১. দারোয়ানকে    | ৩. পাহারাদারকে |
| ২. কুকুর তিনটিকে | ৪. নাতনিকে     |

খ.বুড়ির তিনটি কুকুর নিমিষেই ছুটে এলো কেন ?

- |                                  |                      |
|----------------------------------|----------------------|
| ১. শিয়ালের ডাক শুনে             | ৩. শিয়ালের গান শুনে |
| ২. গানের শুরু বুড়ির চিৎকার শুনে | ৪. বুড়ির খোঁজ পেয়ে |

গ.নাতনি বুড়িকে লাউয়ের খোলে ঢুকিয়ে সঙ্গে কী কী খাবার দিল ?

- |                  |                  |
|------------------|------------------|
| ১. চিড়ে আর গুড় | ৩. গুড় আর মুড়ি |
| ২. চিড়ে আর দই   | ৪. গুড় আর খই    |

ঘ.বুড়ির সঙ্গে কাদের দেখা হল ?

- |                    |                     |
|--------------------|---------------------|
| ১. হরিণ আর বানরের  | ৩. হাতি আর শিয়ালের |
| ২. বাঘ আর শিয়ালের | ৪. সিংহআর বাঘের     |

ঙ.কুকুরগুলো কাকে নাস্তানাবুদ করে ছাড়ল ?

- |           |             |
|-----------|-------------|
| ১. বাঘকে  | ৩. শিয়ালকে |
| ২. বানরকে | ৪. কুমিরকে  |

চ.নাস্তানাবুদ কথাটির অর্থ হল-

১. ঘায়েল
২. নাজেহাল

ছ.বুড়ি কেন কুকুরদের ডাকলেন ?

১. নাতনির বাড়ি যাওয়ার জন্য
২. বাঁচার জন্য

৩. বিপদে পড়া
৪. খারাপবস্থা

৩. সঙ্গে নিয়ে যাবার জন্য
৪. খাবার জন্য

উত্তর: ক.২ খ.২ গ.১ ঘ.২ ঙ.৩ চ.২ ছ.১

